

চট্টগ্রাম কলেজ খোলার আগে শিক্ষার্থীদের নিরাপত্তা দাবি ছাত্রলীগের

চট্টগ্রাম ব্যুরো •

চট্টগ্রাম কলেজ খোলার আগে শিক্ষার্থীদের নিরাপত্তার দাবি জানিয়েছে ছাত্রলীগ। এ জন্য কলেজ ক্যাম্পাসে পুলিশ ফাঁড়ি স্থাপনের দাবি জানিয়েছেন ছাত্রলীগ নেতারা। আগামীকাল শনিবার চট্টগ্রাম কলেজ খুলছে। গতকাল বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।

গত ১৬ ডিসেম্বর চট্টগ্রাম কলেজ শহীদ মিনারে ফুল দেওয়াকে কেন্দ্র করে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হামলা চালায় ছাত্রশিবির। এ ঘটনাকে কেন্দ্র করে ওইদিন চট্টগ্রাম মহানগর ছাত্রলীগ চট্টগ্রাম কলেজ ঘেরাও করে। পরে পার্শ্ববর্তী হাজী মুহম্মদ মহসিন কলেজেও এ এরপর পঠা ৯ কলেজ ও

চট্টগ্রাম কলেজ খোলার

(৩ এর পৃষ্ঠার পর) সংঘর্ষ ছড়িয়ে পড়ে। এরপর কর্তৃপক্ষ কলেজ দুটি বন্ধ ও হলগুলো খালি করার নির্দেশ দেয়।

গতকাল বৃহস্পতিবার সকালে চট্টগ্রাম প্রেসক্লাবে সার্বিক পরিস্থিতি প্রধানমন্ত্রীর অধিবেশন এবং প্রতিকার ও সমাধান চেয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনের আয়োজন করে ছাত্রলীগ। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে নগর ছাত্রলীগের সভাপতি ইমরান আহম্মেদ ইমু বলেন, চট্টগ্রামের এ দুটি শিক্ষা প্রতিষ্ঠান প্রায় তিন দশকেরও বেশি সময় ধরে স্বাধীনতাবিরোধী জামায়াত-শিবির ও জঙ্গিবাদের ঘাঁটিতে পরিণত হয়েছে। সাধারণ শিক্ষক-কর্মচারীতে অত্রের মুখে জিম্মি করে জামায়াত-শিবির ক্যাডাররা কর্তৃত্ব প্রতিষ্ঠা করে। ছাত্রাবাসগুলো বহিরাগত সন্ত্রাসীদের ঘাঁটিতে পরিণত করে ক্যাম্পাসকে অবৈধ অস্ত্র, বিক্ষোভক ও উগ্রবাদী বই মজুদের স্থানে পরিণত করা হয়েছে।

সাধারণ সম্পাদক নুরুল আজিম রনি বলেন, বিজয় দিবসের ঘটনার পর থেকে শিবিরের সন্ত্রাসীরা সাধারণ শিক্ষার্থীদের হুমকি দিচ্ছে এবং ভয়-ভীতি দেখাচ্ছে। এ অবস্থায় শিক্ষার পরিবেশ নির্বিঘ্ন রাখতে কলেজ দুটিতে নিরাপত্তা নিশ্চিত করার আগে ক্যাম্পাস না খোলার দাবি জানান তিনি।

কলেজ দুটির নিরাপত্তা নিশ্চিত করতে কলেজ ক্যাম্পাসে স্থায়ী পুলিশ ফাঁড়ি স্থাপন, মূল ফটক ছাড়া অন্য ফটকগুলো বন্ধ রাখা, ক্যাম্পাসের ভেতর আবাসিক স্থাপনা না রাখা, হোস্টেল সুপার ও মসজিদের ইমামকে অপসারণ করা, অস্থায়ী ও খণ্ডকালীন কর্মচারীদের অপসারণ এবং ক্যাম্পাসের ভেতর থেকে দোকান অপসারণের দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন নগর ছাত্রলীগের সহসভাপতি নাজমুল হাসান রুমী, একরামুল হক রাসেল, আবু মো. আরিফ, মঈনুল হোসেন চৌধুরী ও নাদিম রিন, সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম, যুগ্ম সম্পাদক সুজন বর্মশ, উপসম্পাদক দীপঙ্কর সোম ও অডিক দাশগুপ্ত এবং চট্টগ্রাম কলেজ ছাত্রলীগের মাহমুদুল করিম, সুভাষ মল্লিক ও আকলিমা আক্তার।